

ব্রজানন্দ ভজন

হরে ব্রজানন্দ হরে, হরে ব্রজানন্দ হরে,
গৌর হরি বাসুদেব, রাম নারায়ণ হরে ॥

বুদ্ধদেব

বুড়াশিবধাম,
রমনা, ঢাকা।

প্রথম প্রকাশঃ
কার্তিক ১৩৭২ বাং

[মূল্য- প্রেম]

আরফান প্রেস, ১৬-২০, নবরায় লেন, ঢাকা-১ হইতে বেগম বি, খান কর্তৃক মুদ্রিত।

ওঁ

গুরু কৃপাহি কেবলম্

(১)

রে মনুয়া ! ব্রজানন্দ গুণ গাওয়ে !

জনম জনম ভর -

নাম ভজন কর

দিল্কি ভকতি মিলাওয়ে,

এ দুনিয়াদারি মায়াকি স্বপনা

কোই নেহি হ্যায় তেরে আপনা;

আপনি সাঁথী শ্রীগুরু নাম

ওহি নাম রস পিলাওয়ে ॥

“ব্রজানন্দ” প্রেমসে কহো

শ্রীগুরুসঙ হরদম্ রহো

ব্রজানন্দ নাম ভজনসে

দিল্কি পিয়াস মিটাওয়ে ॥

তাং ইং ২৭/৬/৫৮

(২)

মনরে ! চল মন শ্রীগুরু ধাম ।

হরে ব্রজানন্দ হরে

গাহ সুধামাখা নাম ।

ব্রজানন্দ গুণগানে

ভক্তি হিল্লোল বহে প্রাণে ।

প্রেমানন্দে দিবানিশি

জপরে নাম অবিরাম ॥

ব্রজের জীবন ব্রজানন্দ ধন

গোলক বিহারি শ্রীরাধার মন

নবরুপে এলো নারায়ণ

পুরাইতে ভক্ত মনকাম ॥

এলো বুঝি পথ ভুলে

ব্রজের গোপাল ধরাধূলে

নব লীলা খেলাচ্ছলে

এলো নয়নাভিরাম ॥

(৩)

ব্রজানন্দ প্রাণ গোবিন্দ
এলোরে ধরায়
নবরূপে নব সাজে
এলো শ্যামরায় ।
কে দেখবি আয়
তোরা কে দেখবি আয়
শ্রীগুরু ধামেতে প্রেমের
বাঁশরী বাজায় ।
একাধারে শ্রীরাধাশ্যাম
প্রেমের দোলাতে
দুলছে নিতি ভক্তজনের
পরাশ ভোলাতে ।
দোলে শ্রীরাধার মন
দোলে ভক্তপ্রান ধন
দোলে ব্রজের গোপাল
“ব্রজানন্দ” হৃদয় দোলায়
দোলে বংশীবদন মদন মোহন
প্রেম দোলনায় ।
সুনীল গগনে আজি
চাঁদের জ্যাছনায়
লক্ষ তারার ফুল ফুটিয়ে
এলো ব্রজরায় ।
এলো ব্রজরায় - এলো শ্যামরায় ।
তাঁর বাঁশীর সুরে
উঠছে তুফান
হৃদয় যমুনায়
ওরে প্রেম যমুনায়
কে দেখবি আয়
তোরা কে যাবিরে আয়
শ্রীগুরু ধাম মহোৎসবে
গুরু পূর্ণিমায় ।

--

(৪)

ব্রজানন্দ হরি হরে
ডাকবে মন প্রাণ ভরে
ব্রজের গোপাল

নন্দ দুলাল

হের দু' নয়নে ॥

দুঃখ রবে না রবে না
তঁর নাম গুণগানে
দুঃখ রবে না রবে না ।
এ ভব দুঃখের জ্বালা
রবে না রবে না
ভব দুঃখ শোক তাপ
রবে না রবে না ।
এ ভব ত্রিতাপ জ্বালা
রবে না রবে না ।

ব্রজানন্দ চরণতরী

ধর না মন শক্ত করি

যাবি যদি ভব পারাবারে

দিবানিশি জপ নাম

'ব্রজানন্দ' অবিরাম

দেখবি যদি শ্যামল সুন্দরে ।

এমন রূপ আর দেখিস নাইরে

রূপে প্রেমবারি আপনি ঝরে

যাঁরে দেখে নয়ন আপনি ঝরে

তুলনা নাইরে

রূপের তুলনা নাইরে

একাধারে রাখাশ্যামের ।

এই বুঝি সেই ব্রজের হরি

এলো নবরূপ ধরি

সাজিয়া ভব কাভারী

ভক্তের লাগি বেয়ে তরী

এলোরে পারের হরি

ব্রজানন্দ নামটি ধরি

এলো ব্রজানন্দ হরি ।

হরে ব্রজানন্দ বল

হরে ব্রজানন্দ বল

প্রেমানন্দে বাহু তুলে

ব্রজানন্দ হরি বল ।

প্রাণ গোবিন্দ নিত্যানন্দ

ব্রজানন্দ হরি বল ।

ব্রজের গোপাল দীনদয়াল

হরে ব্রজানন্দ বল ।

- - -